মেহেরপুরে ভুট্টা আবাদ বাড়ছে, ভাল ফলনের আশায় আবাদিরা

গেল বছরের তুলনায় মেহেরপুরে ভুট্রা আবাদ বৃদ্ধি পেয়েছে। জেলার তামাক চাষীরা তামাকের আবাদ কমিয়ে ভুট্টা আবাদের দিকে ঝুঁকছে। কয়েক বছর হুইট ব্লাস্ট রোগে গমের আবাদ করে ক্ষতিগ্রস্ত হয়ে তামাকের আবাদের দিকে ঝুঁকে পড়লেও মাটির উর্বরশক্তি হ্রাস পাওয়া এবং পরিবেশের ওপর বিরুপ প্রতিক্রিয়া বুঝতে পেরে এবছর ভুট্টা আবাদ করে চাষিরা। কৃষি অফিসের সহযোগীতা ও পরামর্শ কাজে লাগিয়ে ভুট্টার ভাল ফলনের আশা করছেন জেলার আবাদিরা।

কৃষি অফিস সুত্রে জানাগেছে, মেহেরপুর সদর উপজেলায় এবছর ভুট্টা আবাদ হয়েছে ৬ হাজার ৮০০ হেক্টর জমিতে। গাংনী উপজেলায় ৬০০ হেক্টর ও মুজিব নগর উপজেলায় ৩ হাজার ৬০০ হেক্টর জমিতে এবছর ভুট্টার আবাদ হয়েছে। জেলার অনেক তামাক চাষীরা গত বছর তামাক চাষ করে বিক্রির সময় বিভিন্ন তামাক ক্রয় কোম্পানী তামাক ক্রয় করতে গড়িমশি করেন। যার ফলে তামাক চাষিরা তামাক বিক্রি নিয়ে পড়েন বিড়ম্বনায়। এবছর ওই সকল চাষীরা তাদের জমিতে ভুট্টা আবাদ করেছেন। আবহাওয়া অনুকুলে থাকায় ভুট্টা গাছ অনেক ভাল হয়েছে । প্রতিটি গাছে ৩-৪ টি করে ভুট্টার মোচা হয়েছে। ভাটপাড়া গ্রামের ভুট্টা চাষি আলামিন হোসেন জানান, আমাদের এলাকায় ভুট্টার আবাদের তেমন একটি প্রচোলন ও চাহিদা ছিলনা। বর্তমানে গো-খাদ্য,মাছের খাবার ও পল্ট্রি খাবার হিসেবে ভুট্টার ব্যাপক চাহিদা বেড়েছ্।◌ে আমি এবছর প্রথম দু’ বিঘা জমিতে ভুট্টা আবাদ করেছি। প্রতিটি গাছে ভুট্টার মোচা হয়েছে ৩/৪ টি। ঝড়ের কবলে না পড়লে অনেক ভাল ফলন হবে। ভুট্টা আবাদ করে গত বছর লাভবান হওয়ায় এবছর ভুট্টা আবাদ করেছেন আতিয়ার রহমান মাস্টার। গাংনীর গাড়াডোব গ্রামের কৃষক মোতালেব হোসেন জানান, কয়েক বছর গম আবাদে ফলন বিপর্যয় ঘটেছে। এবার আর ঝুকি না নিয়ে ভুট্টা আবাদ করেছি। ভারি শিলা ভুট্টা পরিপক্ক কালে শিলাবৃষ্টি আর ঝড়ে ক্ষতি না হলে ভাল ফলন হবে ।
মুজিবনগর উপজেলা কৃষি অফিসার আনিসউজ্জামান খান বলেন, অন্যান্য বছরের তুলনায় চাষিদের ভুট্টা আবাদে উদ্ধুদ্ধ করা হচ্ছে। অনেকেই আমাদের পরামর্শ নিয়ে ভুট্টা চাষ করেছেন। আশাকরি আবাদিরা লাভবান হবেন। গাংনী উপজেলা কৃষি অফিসার কেএম সাহাবুদ্দিন বলেন,গাংনীর অনেক এলাকায় এক সয়য় তামাক চাষে আগ্রহী ছিল কৃষকরা। সরকারের

বিভিন্ন সাহায্য সহযোগীতা এবং কৃষি প্রণোদনার মাধ্যমে এবছর ভুট্টা আবাদ বৃদ্ধি পেয়েছে। ফলন ভাল করতে কৃষকদের বিভিন্ন পরামর্শ দিয়ে সহযোগীতা করা হচ্ছে। আশা করি কৃষকরা লাভবান হবে। মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন পারভিন বলেন, ভুট্টা একটি লাভ জনক আবাদ হিসেবে মেহেরপুর জেলায় পরিচিতি পাচ্ছে। এবছর যারা ভুট্টা আবাদ করেছেন, তাদের দেখাদেখি আগামী বছর অন্যরাও ভুট্টা আবাদ করবেন বলে অনেক চাষিরা মত দিয়েছেন।

ঝিনাইদহে জেণ্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক সংলাপ

ঝিনাইদহে নারী ও কণ্যা শিশুর সহিংসতা প্রতিরোধে গণমাধ্যমের ভূমিকা বিষয়ক সংলাপ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে শহরের এইড কমপ্লেক্স মিলনায়তনে এ সংলাপের আয়োজন করে এইড’র জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্

অনুষ্ঠানের শুরুতে আলোচনা সভায় বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী খ.আশরাফুন্নাহার আশা, প্রকল্প সহায়ক আয়াতুল্লাহ।

আলোচনা সভা শেষে সংবাদকর্মীদের অংশগ্রহণের নারী ও কণ্যা শিশুর সহিংসতা প্রতিরোধে করনীয় নানা বিষয়ে মতামত গ্রহণ করা হয়। অনুষ্ঠানের আয়োজক, খ.আশরাফুন্নাহার আশা জানান, জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্প চলতি বছর শেষ হচ্ছে। এ প্রকল্প শেষ হওয়ার পর জেন্ডার ভিত্তিক সহিংতা প্রতিরোধ ও মোবাবেলায় সাংবাদিকদের করনীয় নানা মতামত গ্রহণ করা হয়।

মুজিবনগরে স্বেচ্ছাসেবকলীগের জাতীয় শিশু দিবস পালিত

সকালে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও বিকালে কেক কাটার মধ্যে দিয়ে মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন করেছে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবকলীগ।

বুধবার উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিনের নেতৃত্বে দিবসটি পালন করা হয়।
সে লক্ষে বিকালে মুজিবনগর রেষ্ট হাউজে কেক কাটা হয়।এ সময় মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সাবেক যুগ্ম আহব্বায়ক সাইদুর রহমান,রিপন আলী,বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবকলীগের সাধারন সম্পাদক ওমর আলী, সাংগঠনিক সম্পাদক জহির আলী,মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবকলীগের সাধারন সম্পাদক আবু নাঈম ডালিম প্রমুখ।

এর আগে সকালে মুজিবনগর কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের পক্ষ থেকে ১০০ পাউন্ড কেক কেটে জন্মদিন পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের পক্ষ থেকে আলোচনা ও কেক কাটা অনুষ্ঠান এর আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার সকালে ড. শহীদ শামসুজ্জোহা পার্কে এ অনুষ্ঠানের আয়োজন

করা হয় ।
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের পক্ষ থেকে ১০০ পাউন্ড কেক কেটে জন্মদিন পালন করা হয় ।
এর আগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয় ।

মেহেরপুর পৌরসভার চেয়ারম্যান ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসূল, মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট মিয়াজান আলী, মেহেরপুর সদর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর পৌর আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক মোঃ শহিদুল ইসলাম পেরেশান সহ স্থানীয় আওয়ামী লীগ যুবলীগ এবং ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন ।

কোটচাঁদপুরে বর্ণাঢ্য আয়োজনে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা কর্মসূচি ও বর্ণাঢ্য আয়োজনে দিবসটি পালন করা হয়েছ্।◌ে মঙ্গলবার রাতে উপজেলা প্রশাসনের আয়োজনে ১’শ ১ টি মোমবাতি প্রজ্জলন ও জিরো আওয়ারে (১২ টা ১ মিনিট) কেক কাটা হয়। দিবসটি পালনে বুধবার সূর্যোদয়ের সাথে সাথে একত্রিশবার তোপধ্বনি, সকল সরকারি-বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তে আলোচনা সভা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী।
অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) ইমরান আলম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের প্রধান, রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। দিনব্যাপী আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া, সন্ধায় আতশবাজি প্রজ্জলন ও বঙ্গবন্ধুর উপর স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র প্রদশনী করা হয়।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আওয়ামীলীগের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়েছে।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী,মহান স্বাধীনতার স্থপতি,জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আজ বুধবার সকাল ৭ টার সময় কেদারগঞ্জস্থ দলীয় কার্যালয়ের সামনে চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ,স্বেচ্ছাসেবকলীগ,কৃষকলীগ,ছাত্রলীগের নেতাকর্মীরা জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন ও জাতির পিতার প্রতিকৃতিতে মাল্যদান

ও পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেন। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সংগ্রামী সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ,চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও চেয়ারম্যান চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আব্দুল মালেক, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহ্বায়ক মতিয়ার রহমান মতি,চুয়াডাঙ্গা সদর থানার কৃষকলীগের আহবায়ক আব্দুল মতিন দুদু,চুয়াডাঙ্গা পৌর আওয়ামী মহিলা লীগের সাধারণ সম্পাদিকা মাসুমা আক্তার চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সংগ্রামী সাধারণ সম্পাদক জানিফ,সহ উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ,পৌর মহিলা আওয়ামী লীগ,স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগ,ছাত্রলীগের নেতাকর্মীরা।

মেহেরপুরে ডা. ওয়াহাব এর উদ্যোগে ফ্রী চক্ষু শিবির ক্যাম্প

মেহেরপুরের লে. কর্ণেল (অঃ) প্রফেসর ডা. মোহাম্মদ আব্দুল ওয়াহাব এর উদ্যোগে ফ্রী চক্ষু শিবির ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। বুধবার মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর মাধ্যমিক বিদ্যালয়ে এ ক্যাম্প অনুষ্ঠিত হয়। দিনব্যাপী চক্ষু রোগ ছাড়াও অন্য রোগীদেরও বিশেষজ্ঞ ডাক্তার দিয়ে সেবা প্রদান করা হয়।

যশোরের আদ্ দ্বীন সকিনা মেডিকেল কলেজ এর চক্ষু বিশেষজ্ঞ এই ফ্রী ক্যাম্পে রোগীদের সেবা প্রদান করেন। পাশাপাশি ঔষুধ চশমা বিনা মূল্যে প্রদান করা হয়। এছাড়াও অপারেশন রোগীদের জন্য সম্পুর্ন বিনা খরচে যশোরে আদ্ দ্বীন মেডিকেল কলেজ এ নিয়ে অপারেশনের ব্যবস্থা করা হবে বলে জানিয়েছে আয়োজকরা।

ফ্রী চক্ষু শিবির ক্যাম্পে যশোরে আদ্ দ্বীন মেডিকেল কলেজের

চক্ষু বিশেষজ্ঞ ডা. পিকে হালদার ও তার টিম সেবা প্রদান করেন। এসময় উপস্থিত ছিলেন মেডিকেল কলেজের জেনারেল ম্যানেজার রবিউল হক। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন জীম ফার্মসী।

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর উদ্যোগে ফ্রী চক্ষু শিবির ক্যাম্প

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সাংসদ ফরহাদ হোসেন এর উদ্যোগে ফ্রী চক্ষু শিবির অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল থেকে শহরের কবি নজরুল ইসলাম শিক্ষা মঞ্জিলে ফ্রী চক্ষু শিবির পরিচালনা করা হয়।

প্রায় তিনশত চক্ষু রোগীকে সেবা প্রদান করা হয়। একই সাথে বিনা মূল্যে ওষুধ ও চশমা প্রদান করা হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতালের ও বিভিন্ন হাসপাতালের চক্ষু বিশেষজ্ঞরা রোগীদের সেবা প্রদান করেন।

মেহেরপুর সরকারি কলেজের ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, জেলা যুবলীগের যুগ্ম সম্পাদক সরফরাজ হোসেন মৃদুল, শহর সমাজ সেবা কমিটির সভাপতি আমিনুল ইসলাম খোকন ও জেলা আওয়ামিলীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন এই চক্ষু শিবিরের সার্বিক ব্যবস্থাপনাই ছিলেন।

এছাড়াও সহযোগিতায় ছিলেন জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরণ, শহর সমাজ সেবা কমিটির নির্বাহী সদস্য রাহিনুজ্জামান পলেন।

আলমডাঙ্গায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত

আলমডাঙ্গা অফিসঃ নানা আয়োজনে আলমডাঙ্গায় স্বাধীনতার মহান স্থাপিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস -২০২১ উপলক্ষে কেক কেটে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার উপজেলা প্রশাসনের উদ্যোগে রাত ১২.০১ মিনিটে বঙ্গবন্ধুর প্রতিকৃত্বিতে পুষ্পমাল্য অর্পন করেন। সকাল ১১ টায় র্যালি বের হয়ে পৌর শহর প্রদক্ষিণ শেষে মুক্তিযোদ্ধা মঞ্চে কেক কাটাসহ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপজেলা নির্বাহি অফিসার পুলক কুমার মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইসচেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমঙ্গীর কবির, সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, উপজেলা নির্বাচন কর্মকর্তা এজিএম মোস্তফা ফেরদৌস, সাবেক কমান্ডার বীরমুক্তিযোদ্ধা নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা মইনুদ্দিন আহমেদ, আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ কৃষিবিদ গোলাম সরোয়ার মিঠু, উপজেলা প্রকৌশলী এলজিইডি কর্মকর্তা আব্দুর রশিদ, প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত প্রমূখ। অনুষ্ঠান শেষে শিশুদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে বঙ্গবন্ধুর জন্ম শত বার্ষিকী পালন

পলাশ আহম্মেদঃ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানার উদ্যেগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষিকী পালন।

আজ বুধবার সকাল ৮.৩০ মিনিটের সময় ইউনিয়ন কাথুলী পরিষদে সকল মেম্বার ও মহিলা মেম্বারদের উপস্থিতিতে পতাকা উত্তোলন ও জাতীয় সংগীতের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা করেন।

দ্বিতীয় ধাপে জাতির জনক বঙ্গ বন্ধু শেখ মুজিবর রহমানের জন্মের ১০০ বছর পূর্তী উপলক্ষ্যে কেক কাটা ও দোয়ার ব্যাবস্থা করেন।

এ সময় উপস্থিত ছিলেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।ও সকল ওয়ার্ডের মেম্বার ও মহিলা মেম্বার বৃন্দ।আরো উপস্থিত ছিলেন হিসাব সহকারী কাম কম্পিউটার আসলাম হোসেন, মেম্বার আবুল কালাম আজাদ,ইলিয়াস হোসেন, ইউ ডি সি হুমায়ুন আহম্মেদ, সহ আওয়ামীলীগ,যুবলীগ,ছাত্রলীগের নেতা বর্গ।